**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭**
**সরকারি পরিবহন পুল ভবন**
**সচিবালয় লিংক রোড, ঢাকা।**
ইমেইল:section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৩৫.৯৫(১) -১২১

তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩৩ / ৩ আগষ্ট ২০২৬

**বিষয়ঃ ভোলা জেলার সদর উপজেলার ১১ নং ভেদুরিয়া ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ ছানা উল্লাহর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স ০১ মাসের জন্য স্থগিতপূর্বক সতর্ককরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলার ১১ নং ভেদুরিয়া ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ ছানা উল্লাহ কর্তৃক মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৩ক (১) লঙ্ঘন করতঃ ভেদুরিয়া সমবায় বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী খাদিজা বেগম এবং উত্তর চরভেদুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী সুলতানা বেগমদ্বয়ের বাল্যবিবাহ নিবন্ধনের অভিযোগ এবং ২০১২ সালের ৮ নং বিবাহ নিবন্ধন বহির পৃষ্ঠা নং - ৮, ২৩, ৪৬, ৪৭ এবং ৬৯ এ কাটাছেঁরার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স ০১ (এক) মাসের জন্য স্থগিতপূর্বক ভবিষ্যতে বাল্যবিবাহ নিবন্ধন না করাসহ বিধিমালা লঙ্ঘন না করার জন্য শেষ বারের মত এবং ব্যর্থতায় তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার বাতিল করা হবে মর্মে সতর্ক করা হলো।

একইসাথে উক্ত অধিক্ষেত্রে ০১ (এক) মাসের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং স্থগিতকৃত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ছানা উল্লাহ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার ভোলা-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
**(মোঃ আবদুল ওয়াহাব)**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক
জেলা রেজিস্ট্রার
ভোলা।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৩৫.৯৫(১) -

তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩৩ / ৩ আগষ্ট ২০২৬

**বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৬. সাব-রেজিস্ট্রার, সদর, ভোলা।
৭. অফিসার ইনচার্জ, সদর, ভোলা।
৮. চেয়ারম্যান, ১১ নং ভেদুরিয়া ইউনিয়ন পরিষদ, সদর, ভোলা।
৯. জনাব মোঃ ছানা উল্লাহ, পিতা-মোঃ নুরুল হক,
সাং- ভেদুরিয়া, পোঃ ব্যাংকের হাট, উপজেলা- সদর, জেলা- ভোলা।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

০৩/০৮/২০২৬
**(মোঃ আবদুল ওয়াহাব)**
সিনিয়র সহকারী সচিব